

B.A. 3rd Semester (General) Examination, 2018 (CBCS)

Subject : Bengali

Paper : SEC-1

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৪০

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নের মান-নির্দেশক।

পরীক্ষার্থীকে যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

- ১। যে কোনো পাঁচটি প্রশ্নের উত্তর পূর্ণবাক্যে দাও : ২×৫=১০
- (ক) সন্ধি বিচ্ছেদ করো :
মরাদ্যান, দেবেন্দ্র
- (খ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো :
গঙ্গাজল
- (গ) নিম্নরেখ শব্দটির কারক ও বিভক্তি নির্ণয় করো :
বনে বাঘ থাকে।
- (ঘ) সন্ধি করো :
উৎ + লম্ব, মনু + অন্তর
- (ঙ) প্রশ্নবোধক বাক্য কাকে বলে? একটি উদাহরণ দাও।
- (চ) করণকারক কাকে বলে? একটি উদাহরণ দাও।
- (ছ) সর্বনাম কাকে বলে? একটি উদাহরণ দাও।
- (জ) অব্যয় কাকে বলে? একটি উদাহরণ দাও।
- ২। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৫×২=১০
- (ক) নিম্নরেখ পদগুলির কারক-বিভক্তি নির্ণয় করো (যে কোনো পাঁচটি) : ১×৫=৫
- (অ) ছুরিতে তার হাত কেটে গেল।
- (আ) বিরত সতত পাপে দেবকুল।
- (ই) বসে আছি নদীকূলে।
- (ঈ) রক্তমাখা অস্ত্র হাতে যত রক্তআঁখি।
- (উ) শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে।
- (ঊ) আজ প্রভাতে কোন অতিথি এলো আমার দ্বারে।
- (খ) নির্দেশ অনুযায়ী বাক্য পরিবর্তন করো (যে কোনো পাঁচটি) : ১×৫=৫
- (অ) তিনি সৎ ব্যক্তি (নঞর্থক বাক্যে)
- (আ) কী সুন্দর দৃশ্য! (নির্দেশক বাক্যে)

(ই) বাংলায় বিবেকানন্দের নাম সকলেই শুনেছে। (প্রশ্নবোধক বাক্যে)

(ঈ) আজ খুব আনন্দ। (বিস্ময়বোধক বাক্যে)

(উ) সত্যের নাহি পরাজয়। (অন্ত্যর্থক বাক্যে)

(ঊ) প্রতিদিন মন দিয়ে লেখাপড়া করা উচিত। (অনুজ্ঞাবাচক বাক্যে)

(গ) বিশেষণ কাকে বলে? বিশেষণ কয় প্রকার ও কী কী? উদাহরণ সহযোগে যে কোনো দুই প্রকার বিশেষণ বিশ্লেষণ করো। ১+২+২=৫

(ঘ) ব্যাসবাক্য বিশ্লেষণ করে সমাস নির্ণয় করো (যে কোনো পাঁচটি) : ১×৫=৫
শূলপাণি, কর্মনিপুণ, শ্বেতপদ্ম, নবরত্ন, আজন্ম, বরকনে

৩। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :

(ক) স্বরসন্ধি কাকে বলে? উদাহরণ সহযোগে স্বরসন্ধির যে কোনো চারটি সূত্র বিশ্লেষণ করো। ১০×২=২০

(খ) বাক্য কাকে বলে? গঠনগত দিক থেকে বাক্য কয় প্রকার ও কী কী? গঠনগত দিক থেকে বাক্যের প্রকারভেদ উদাহরণ সহযোগে বুঝিয়ে দাও। ২+৮=১০

(গ) বিশেষ্য কাকে বলে? বিশেষ্য কয় প্রকার ও কী কী? উদাহরণসহ বিশেষ্যের শ্রেণীবিভাগ ব্যাখ্যা করো। ১+২+৭=১০

(ঘ) বাচ্য কাকে বলে? বাচ্য কয় প্রকার ও কী কী? উদাহরণ সহযোগে বাচ্যের প্রকারভেদ বুঝিয়ে দাও। ১+২+৭=১০